

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নং-৩২.০১.৮৮৯৪.০০০.২৫.০০১.২৫ - ১১১১

তারিখঃ ০৬/০৬/২০২৫

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জ, এর আওতায় ২০২৬-২০২৭ অর্থ বছরের জুলাই/২০২৬-সেপ্টেম্বর/২০২৬ সেশনে সরকারী তহবিলভুক্ত ০৩ (তিন) মাস মেয়াদী সেলাই প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী (গুণুমাত্র মহিলা) ভর্তি করা হবে। প্রশিক্ষণার্থী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে :

- ১। অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। দুঃস্থ, অসহায়, স্বামী পরিত্যক্ত, অবিবাহিত মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৩। বয়স ১৮-৪০ বৎসর হতে হবে। শারীরিকভাবে সুস্থ থাকতে হবে।
- ৪। চেয়ারম্যান কর্তৃক স্থায়ী নাগরিকত্ব/চারিত্রিক সনদপত্র।
- ৫। ছবি ২ কপি (সত্যায়িত)।
- ৬। বয়স প্রমানের জন্মনিবন্ধন সনদ অথবা জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (সত্যায়িত)।
- ৭। শিক্ষাগত যোগ্যতার সনদ (ন্যূনতম ৮ম শ্রেণী পাস) (সত্যায়িত)
- ৮। ফরম পূরণ করতঃ অফিস চলাকালীন সময়ে ২০.০৬.২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে।
- ৯। অফিস চলাকালীন সময়ে অফিস নিয়ম কানুন মেনে চলতে হবে।
- ১০। আবেদনকারীর স্বাক্ষরকারের তারিখ আবেদন পত্র সংগ্রহকালীন সময়ে অফিস থেকে জেনে নিতে হবে।
- ১১। ইতিপূর্বে প্রশিক্ষণ প্রাপ্ত কোন মহিলা এই প্রশিক্ষণে আবেদন করতে পারবে না।

সুবিধাদি :

- ১। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রতিদিনের উপস্থিতির জন্য ১০০ টাকা ভাতা প্রদান।
- ২। ০৩ (তিন) মাস প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান।
- ৩। সুদবিহীন ঋণ সুবিধা।
- ৪। এছাড়াও উপজেলার অন্যান্য সুবিধা প্রদান।



(মোসাঃ নিলুফা ইয়াসমিন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

জ্ঞাতার্থে :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ২। অফিসার, উল্লাপাড়া সিরাজগঞ্জ।
- ৩। প্রশাসক/প্যানেল চেয়ারম্যান/ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা..... ইউনিয়ন, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৪। নোটিশ বোর্ড অফিস/বিদ্যালয়/কলেজ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৫। অফিস কপি।